

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া।

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৬.০০৪.২২. ৪৬৬৬

তারিখঃ ১৯/০৫/২০২২ খ্রি.

বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে উপকারভোগীর তালিকা সংশোধন/হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্রঃ খাদ্য অধিদপ্তর, ঢাকার ১০/০৫/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.৪৩৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, 'টেকসই উন্নয়ন অভিষ্ঠ' (এসডিজি), 'নো পোভারটি ও জিরো হান্সার' অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা দারিদ্র দূরীকরণের অভিপ্রায়ে পল্লী অঞ্চলের দরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা প্রদান ও পুষ্টি নিশ্চিত করার উদ্দেশ্যে সরকারি বিতরণ ব্যবস্থায় খাদ্যবান্ধব কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ব্রাণ্ডিং এ কর্মসূচি ইতোমধ্যে ব্যাপক ইতিবাচক সাড়া ফেলেছে ও ফলপ্রসূ হয়েছে। সাধারণত প্রতি বছর মার্চ, এপ্রিল এবং সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে চাল বিতরণ করা হয়ে থাকে। সূত্রস্থ স্মারকে খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীর ডাটাবেজে গুরুত্ব আনয়নের জন্য জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের মাধ্যমে প্রকৃত ভোক্তার তথ্য নিশ্চিতসহ পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইউডিসি উদ্যোক্তার সহায়তায় উপকারভোগীর উপস্থিতিতে জাতীয় পরিচয়পত্র যাচাই, ছবি তোলা, মোবাইল নম্বর যাচাইপূর্বক গুরুত্ব ডাটা এন্ট্রির মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির প্রকৃত উপকারভোগীর ডাটাবেজ প্রণয়ন করা হবে।

খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে উপকারভোগীর তালিকা সংশোধন/হালনাগাদ করে আগামী ৩১/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে বিনা ব্যর্থতায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো। খাদ্যবান্ধব কর্মসূচির তালিকার বিষয়ে পরবর্তীতে কোনো প্রশ্ন উত্থাপিত হলে ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির সভাপতি হিসেবে আপনি দায়বদ্ধ থাকবেন। বিষয়টি অতীব জরুরী।


প্রাপকঃ চেয়ারম্যান


..... ইউনিয়ন পরিষদ
ও সভাপতি, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি
শাজাহানপুর, বগুড়া।

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৬.০০৪.২২.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য-

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা খাদ্যবান্ধব কমিটি, বগুড়া।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব, জেলা খাদ্যবান্ধব কমিটি, বগুড়া।
- ৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, শাজাহানপুর, বগুড়া।
- ৪। অফিস কপি।


(আসিফ আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
শাজাহানপুর, বগুড়া।

 তারিখঃ ১৯/০৫/২০২২ খ্রি.

(আসিফ আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
শাজাহানপুর, বগুড়া।